শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা
টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

মুজিব শতবর্ষ
পল্লী বিদ্যুতের সেরা বর্ষ

স্মারক নং- ২৭.১২.৭২০০.৫৪৫.০১.০৩৮.২০২৩. ৪৭২৬

তারিখ ০৯ কার্তিক ১৪৩০বঙ্গাব্দ
২৫/১০/২০২৩খ্রিস্টাব্দ

## পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নে উল্লেখিত কনডেম ঘোষিত মালামাল সমূহ ''যেখানে যে অবস্থায় আছে'' ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্সীর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | দরপত্র নং | বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র দলিল গ্রহণ ও খোলার সময় সূচী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২৩-২৪-০১ | (ক) ২০২১-২০২২ অর্থ বছরের কনডেম ঘোষিত হার্ডওয়্যার জাতীয় মালামাল (লৌহ জাতীয়, গাই তার ,গাই গ্রীপ ও টুলস আইটেম, বাপবিবো/পিডিবি)=১১৫৮৫ কেজি।<br>(খ) ২০২০-২০২১অর্থ বছরের কনডেম ঘোষিত ধ্বংসযোগ্য মালামাল হতে অপসারিত লৌহ জাতীয় ধাতবাংশ=১৬০০ কেজি।<br>(গ) সিটি/পিটি ৩৩ কেভি= ৮টি<br>(ঘ) সিটি/পিটি ১১ কেভি = ১৭ টি | (ক+খ)= ১৩১৮৫ কেজি<br>(গ) ৮টি<br>(ঘ) ১৭টি | ১০০০/= | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৯/১০/২০২৩খ্রিঃ হতে ১২/১১/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। | **দরপত্র গ্রহণের সময়** ১৩/১১/২০২৩খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত।<br>**দরপত্র খোলার সময়** ১৩/১১/২০২৩খ্রিঃ সকায় ১১:০৫ ঘটিকা। |
| ২ | ২৩-২৪-০২ | মিটার ১ ফেজ এনালগ | ৮৫৭৩ টি | ১০০০/= | | | |
| | | মিটার ১ ফেজ ডিজিটাল | ২০৭৫৬ টি | | | | |
| | | মিটার ৩ ফেজ ডিজিটাল | ৪৮৪ টি | | | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরপত্র দাতাগণ আগামী ১৩/১১/২০২৩খ্রিঃ তারিখে বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র (১) নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা (২) পরিচালক, পবিস মনিটিরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। খামে উপরে '' নিলামে বিক্রয়যোগ্য মালামাল ক্রয়ের দরপত্র'' লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। আগ্রহী দরদাতাগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতেঃ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর,চল্লিশা, নেত্রকোণা অথবা পরিচালক, পবিস মনিটিরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে আগামী ১২/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। আগামী ১৩/১১/২০২৩খ্রিঃ তারিখ দুপুর ১১:০০ ঘটিকার মধ্যে উক্ত দুইটি কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০৩। নিলাম দরপত্রে উল্লেখিত ক্রম নম্বর অনুযায়ী দর উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। মালামালের নাম, একক দর, দরদাতার নাম-ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

০৪। দাখিলতব্য নিলাম দরপত্র সমূহ আগামী ১৩/১১/২০২৩খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকায় নেত্রকোণা পবিস সদর দপ্তরে এবং পরিচালক, পবিস মনিটিরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় উপস্থিত দরদাতাদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ নিলামদরদাতার দরকে গৃহীতদর বলে বিবচেনা করা হবে। নিলাম দরদাতাকে দর দাখিলের ক্ষেত্রে অবশ্যই সকল আইটেমেরই দর দাখিল করতে হবে। কোন একক আইটেমের দরপত্র বিবেচনা করা হবে না।

০৬। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীলি ব্যাংক হতে জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৭। উল্লেখিত মালামাল সমূহ অফিস চলাকালীন সময়ে পবিস এর কারিগরী/প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।

০৮। সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রের উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% ( দশ শতাংশ) উৎস কর এবং ৭.৫% ( সাত দশমিক পাঁচ শূন্য শতাংশ) মূল্য সংযোজন কর(ভ্যাট) নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নেত্রকোণা পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র যেখানে যে অবস্থায় আছে সেখান হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

অঃপৃঃদ্রঃ

০৯। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।

১০। দরপত্র সম্পর্কে কারো জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১। মালামাল সরবরাহের সময় ওজন/গননা করে দেয়া হবে। পরিমাণ কম/বেশী হলে মূল্য সমন্বয় করা হবে।

১২। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। সমিতি কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

25/10/23

(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা- (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ, নেত্রকোণা ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ........................................................ পবিস- ১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নেত্রকোণা।
০৮। মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা ।
০৯। ডিজিএম,মদন/মোহনগঞ্জ/দূর্গাপুর/কেন্দুয়া/কলমাকান্দা/পূর্বধলা/বারহাট্টা, জোনাল অফিস/ কারিগরী, নেত্রকোণা পবিস।
১০। এজিএম (ইএন্ডসি/এমএস/প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/আইটি/এইচআর)-নেত্রকোণা পবিস।
১১। এজিএম(ওএন্ডএম), আটপাড়া/ধর্মপাশা/শ্যামগঞ্জ/খালিয়াজুরি সাব জোনাল অফিস, নেত্রকোণা পবিস।
১২। স্টোর কীপার, নেত্রকোণা পবিস।
১৩। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি ।

25/10/23

(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার